**বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসসি)**
বিএসএল অফিস কমপ্লেক্স-২ (তৃতীয় তলা)
১ মিন্টো রোড, রমনা, ঢাকা-১০০০
www.bac.gov.bd

স্মারক নং. ৩৭.২৮.০০০০.১০৩.৪০.০০১.২২- 822

তারিখ: ২১ ফাল্গুন ১৪২৯ ব.
০৬ মার্চ ২০২৩ খ্রি.

**সভার নোটিশ**

সকলের সদয় অবগতির জন্য নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২২-২৩-এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizens Charter) বাস্তবায়ন কর্মপরিকল্পনা [২.১] নং অনুচ্ছেদ অনুসারে আগামী ০৯ মার্চ ২০২৩ খ্রি. তারিখ বৃহস্পতিবার সকাল ০৯:০০ ঘটিকা থেকে দিনব্যাপী কাউন্সিলের সম্মেলন কক্ষে কর্মশালা অনুষ্ঠিত হবে। কর্মশালায় সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

আলোচ্যসূচি:

ক) কাউন্সিলের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizens Charter) কার্যক্রম বিষয়ে আলোচনা;

খ) কাউন্সিলের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizens Charter) বিষয়ে মতামত গ্রহণ;

গ) বিবিধ।

নির্দেশক্রমে,

৬.৩.২৩

(গৌতম চন্দ্র রায়)
পরিচালক (অর্থ, পরিকল্পনা ও আইসিটি) ও
সভাপতি (সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি)
বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১-৪. পূর্ণকালীন সদস্য (সকল), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা।
৫. সচিব, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা।
৬. প্রফেসর পারভেজ আক্তার (সংযুক্ত), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা।
৭. পরিচালক (সকল), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা।
৮. উপপরিচালক (সকল), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা।
৯. উপপরিচালক ও একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের দপ্তর), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা।
১০. সহকারী পরিচালক (সকল), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা।
১১. ব্যক্তিগত/প্রশাসনিক কর্মকর্তা (সকল), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা।
১২. অন্যান্য কর্মচারী (সকল), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা।
১৩. অফিস কপি।

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি)
বিএসএল অফিস কমপ্লেক্স-২ (৩য় তলা)
১ মিন্টো রোড, রমনা, ঢাকা-১০০০
www.bac.gov.bd

## বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)-এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizens Charter) বিষয়ক কর্মশালার সুচি:

**কর্মশালার তারিখ: ০৯ মার্চ ২০২৩**

**স্থান: সভাকক্ষ**

| সময় | কার্যক্রম | আলোচক/রিসোর্স পার্সন |
|---|---|---|
| ৯.০০-০৯.৩০ | উপস্থিতি / হাজিরা | - |
| ০৯.৩০-১০.৩০ | কোর্সের উদ্বোধন | জনাব ইসতিয়াক আহমদ<br>পূর্ণকালীন সদস্য<br>বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল |
| ১০.৩০-১১.০০ | চা-বিরতি | - |
| ১১.০০-০১.০০ | এপিএ এর সাথে সিটিজেন্স চার্টারের সমন্বয় বিষয়ক আলোচনা | জনাব আনোয়ারুল ইসলাম সিকদার, এনডিসি<br>সাবেক সচিব<br>বিসিএস প্রশাসন ক্যাডার |
| ০১.০০-০২.০০ | নামাজ ও লাঞ্চ বিরতি | - |
| ২.০০-০৩.৩০ | সিটিজেনস চার্টার হালনাগাদকরণ বিষয়ক উপস্থাপনা | জনাব গৌতম চন্দ্র রায়<br>পরিচালক<br>বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল |
| ০৩.৩০-০৪.০০ | মুক্ত আলোচনা | - |
| ০৪.০০ | কোর্স সমাপনী | - |

6.3.2023
ফারজানা শারমিন
আইডি: ১৩৪৮২
উপপরিচালক
(বহি: সম্পর্ক, গবেষণা, মানদন্ড ও প্রকাশনা)
বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল

6.3.23
গৌতম চন্দ্র রায়
আইডি নং-৯০৬৪
পরিচালক
বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল
ঢাকা, বাংলাদেশ

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি)
বিএসএল অফিস কমপ্লেক্স- ২ (৩য় তলা)
১, মিন্টো রোড, রমনা, ঢাকা-১০০০
www.bac.gov.bd

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
০৯ মার্চ ২০২৩ খ্রিষ্টাব্দ

# সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) বিষয়ক কর্মশালার প্রতিবেদন

কর্মশালার শিরোনাম: সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) বিষয়ক কর্মশালা
কর্মশালার স্থান: বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের সভা কক্ষ
তারিখ ও সময়: ০৯/০৩/২০২৩, সকাল ৯:৩০ ঘটিকা
কর্মশালার সভাপতি: জনাব ইসতিয়াক আহমদ, সদস্য, বিএসি।
আলোচক: জনাব আনোয়ারুল ইসলাম সিকদার, প্রাক্তন সচিব ও প্রাক্তন রেক্টর, প্রশাসন একাডেমি, শাহ্বাগ।

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল এর ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) বিষয়ক এক কর্মশালা ০৯/০৩/২০২৩ খ্রি. তারিখ সকাল ৯:৩০ ঘটিকায় বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল এর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। কর্মশালার সভাপতিত্ব করেন কাউন্সিলের সদস্য জনাব ইসতিয়াক আহমদ। কর্মশালায় কাউন্সিলের সচিব, পরিচালকবৃন্দসহ সকল কর্মকর্তা ও কর্মচারী উপস্থিত ছিলেন।

কর্মশালার সভাপতি সকলকে স্বাগত জানিয়ে কর্মশালার উদ্বোধন করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব গৌতম চন্দ্র রায় -এর সঞ্চালনায় কর্মশালাটি পরিচালিত হয়। সঞ্চালক কর্মশালার উদ্দেশ্য ও কর্ম পরিধি তুলে ধরেন। এরপর সভাপতির অনুমতিক্রমে কাউন্সিলের সচিব প্রফেসর এ. কে. এম. মুনিরুল ইসলাম শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন। তিনি প্রথমে স্বাধীনতা যুদ্ধে নিহত সকল শহীদ ও বঙ্গবন্ধুসহ তার পরিবারে নিহত সকল শহীদদের আত্মার মাগফেরাত কামনা করেন। তিনি বক্তব্যের শুরুতে সকল অংশগ্রহণকারীকে স্বাগত জানান এবং অফিসের দাপ্তরিক কাজে নথি এবং নথি ব্যবস্থাপনার গুরুত্ব তুলে ধরেন। তিনি বলেন যে, কর্মশালায় অংশগ্রহণকারী পুরাতন কর্মকর্তা ও কর্মচারীদের পাশাপাশি যে সকল নতুন কর্মচারী কাউন্সিলে যোগদান করেছে তাদের জন্য নথি ব্যবস্থাপনার এই কর্মশালাটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। তিনি কর্মশালার সাফল্য কামনা করে বক্তব্য শেষ করেন।

কাউন্সিল সচিবের বক্তব্যের পর কর্মশালার আলোচক জনাব আনোয়ারুল ইসলাম সিকদার, প্রাক্তন সচিব ও প্রাক্তন রেক্টর, প্রশাসন একাডেমি, শাহ্বাগ নথি ও নথি ব্যবস্থাপনার উপর তার আলোচনা শুরু করেন। আলোচনার শুরুতে তিনি বলেন, বর্তমান সময়ে ই-নথি, ডি-নথির ব্যবহার শুরু হলেও ম্যানুয়াল নথি ব্যবস্থাপনা হচ্ছে নথি ব্যবস্থাপনার মূল ভিত্তি। এর উপর নির্ভর করে ই-নথি, ডি-নথি ব্যবহার করতে হয়।

আলোচনার শুরুতে তিনি নথি ও নথি ব্যবস্থাপনার সংগা তুলে ধরেন। পরবর্তিতে সচিবালয়ের নির্দেশমালা মোতাবেক ক্যাচ ওয়ার্ড ব্যবহার করে নথির টাইপ নির্ধারণ ও ডিজিটাল ফাইল নাম্বারিং কিভাবে করতে হয় সে বিষয়ে বিস্তারিত বক্তব্য দেন। পরবর্তীতে File Type, Use of levels, Time Limit for Analysis & Examination, File Preservation, File Analysis, File Security, File Disposal, File Register, Classified Document, Destruction of Records ইত্যাদি বিষয়ে বক্তব্য প্রদান করেন। এছাড়াও তিনি Note, Recording of Note, Writing of Note বিষয়েও বক্তব্য প্রদান করেন এবং হাতে কলমে নোট লিখনের উপর শিক্ষা প্রদান করেন।

বক্তব্য প্রদানের মাঝে মাঝে তিনি অংশগ্রহণকারীগণের বিভিন্ন প্রশ্নের জবাব দেন ও আলোচনার শেষে একটি লিখিত পরীক্ষা গ্রহণ করেন। পরীক্ষার খাতা নিরীক্ষণের পর তিনি অংশগ্রহণকারীগণের প্রতি সন্তুষ্টি প্রকাশ করেন।

পরিশেষে কর্মশালার সভাপতি কর্মশালাটি আয়োজনে কমিটির সদস্যবৃন্দকে, আলোচক ও উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে কর্মশালার সমাপ্তি ঘোষণা করেন।

০৭/০৩/২০২৩

(ড. রীতা পারভীন)
উপপরিচালক (অ্যাক্রেডিটেশন) বিএসি ও
র‍্যাপোটিয়ার (সংশ্লিষ্ট কমিটি)

ড. রীতা পারভীন (০১৩৪৫২)
উপপরিচালক (অ্যাক্রেডিটেশন)
বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল
১ মিন্টো রোড, রমনা, ঢাকা-১০০০



বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২২-২৩-এর আওতায়

# সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizens Charter) বিষয়ক কর্মশালা

তারিখ: ৯ মার্চ ২০২৩, বৃহস্পতিবার

স্থান: সভাকক্ষ

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল




বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২২-২৩-এর আওতায়
সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizens Charter) বিষয়ক কর্মশালা
তারিখঃ ৯ মার্চ ২০২৩, বৃহস্পতিবার
স্থান: সভাকক্ষ
বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল